পাঠ অনুশীলন

শিক্ষার্থী বন্ধুরা, তোমাদের টেকস্ট বইটি ভালোভাবে বোঝার জন্য এ অংশে বইয়ের পাঠভিত্তিক প্রশ্ন ও উত্তর দেওয়া হলো।

# পাঠ-১ আমার পরিচয়

আমার নাম : ......................................................................................................

আমি প্রথম শ্রেণিতে পড়ি।

আমার রোল নম্বর : ...........................................................................................

আমার বিদ্যালয়ের (মাদরাসার) নাম : .........................................................................



আমার নাম : আবরার জামান

আমি প্রথম শ্রেণিতে পড়ি।


আমার রোল নম্বর-০১।

আমার বিদ্যালয়ের (মাদরাসার) নাম : আমতলী ইসলামিয়া কামিল মাদরাসা, বাগেরহাট।



[দ্রষ্টব্য : প্রিয় ছাত্রছাত্রীরা, তোমাদের নিজ নিজ পরিচয় ও ঠিকানা বলবে এবং উপরের খালি ঘরে লিখবে।]

## পাঠ-২ এসো রং করি ও আঁকি



[দ্রষ্টব্য : এখানে বাংলাদেশের জাতীয় পতাকা ও দুটি শাপলা ফুলের ছবি আছে। এগুলো শিক্ষকের সহায়তায় নিজেরা অঙ্কন কর ও পরে রং কর।]

## পাঠ-৩ আমি ও আমার বিদ্যালয়

☐ **শুনি ও বলি**



খুশি আপা : কেমন আছ সবাই?

সবাই : ভালো আছি।

খুশি আপা : স্কুল (মাদরাসায়) কেমন লাগছে তোমাদের?

রাফি ও তুলি : খুব ভালো লাগছে, আপা।

খুশি আপা : কত নতুন নতুন বন্ধু, তাই না? অনেক ভালো লাগবে। তোমার নাম কী?

তপু : আমার নাম তপু।

খুশি আপা : তোমার নাম বলো।

তুলি : আপা, আমার নাম তুলি।

খুশি আপা : এবার তোমরা একজন একজন করে নিজের নাম বলো। ঠিক আছে।

☐ **সহপাঠীদের সাথে পরিচিত হই। নিজের নাম বলি। নাম জানতে চাই।**

**উত্তর :** নিজের নাম : আমার নাম ফয়সাল।

ফয়সাল : তোমার নাম কী?

আবির : আমার নাম আবির।

[**দ্রষ্টব্য :** প্রিয় ছাত্রছাত্রীরা, এভাবে তোমরা নিজেরা সহপাঠীদের নাম জানতে চাইবে।]

## পাঠ-৪ আমি ও আমার সহপাঠীরা

☐ চলো পরিচিত হই






☐ কথা বলি

- তোমার নাম কী?
- আমার নাম রাফি।
- তোমার নাম কী?
- আমার নাম তুলি।
- তোমার হাতে কী বই?
- আমার বাংলা বই।

☐ শুনি ও বলি



মিলি : তোমার নাম কী?

অভি : আমার নাম অভি।

মিলি : আমরা একসাথে পড়ি।

অভি : ওরাও আমাদের সাথে পড়ে?

মিলি : হ্যাঁ। ওরা হলো তুলি আর রাফি।


অভি : আমরা একসাথে খেলব।


সবাই : ঠিক। ঠিক। আর একসাথে পড়ব।

[দ্রষ্টব্য : এভাবে ছাত্রছাত্রীরা একে অপরের নাম জিজ্ঞাসা করবে এবং উত্তর দেবে।]

## পাঠ-৫ আঁকাআঁকি

☐ দাগ দেই ও রং করি





[দ্রষ্টব্য : শিক্ষার্থী বন্ধুরা, প্রথমে ছবিগুলো পেন্সিল দিয়ে নিজেরা অঙ্কন কর ও পরে রং কর।]

# পাঠ-৬ আমরা কী কী করি

☐ শুনি ও বলি




☐ শুনি ও বলি

**ক. সকালে উঠে আমরা কী কী করি?**

**উত্তর :** সকালে উঠে আমরা হাত-মুখ ধুই, দাঁত মাজি, গোসল করি, চুল আঁচড়াই এবং খাবার খাই।

**খ. আমরা কেন হাত মুখ ধুই?**

**উত্তর :** পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার জন্য আমরা হাত মুখ ধুই।

**গ. আমরা কখন পড়তে বসি?**

**উত্তর :** আমরা সন্ধ্যার পর রাতের খাবার খেয়েই পড়তে বসি।


**ঘ. আমরা কখন খেলা করি?**

**উত্তর :** আমরা বিকাল বেলা খেলা করি।

**ঙ. আমরা কখন ঘুমাতে যাই?**

**উত্তর :** আমরা রাতে ঘুমাতে যাই।

# পাঠ-৭ আঁকাআঁকি



**[দ্রষ্টব্য :** শিক্ষার্থী বন্ধুরা, তোমরা উপরের রেখার উপরে পেনসিল দিয়ে হাত ঘুরিয়ে আঁকার চেষ্টা কর।]

# পাঠ-৮ ছড়া

## ☐ শুনি ও বলি



### ছড়া

আতা গাছে তোতা পাখি
ডালিম গাছে মউ।
এত ডাকি তবু কথা
কও না কেন বউ।


## ☐ মূল্যায়ন প্রস্তুতির জন্য আরও কিছু শিখি

**প্রশ্ন : আতা গাছে কী?**
**উত্তর :** আতা গাছে তোতা পাখি।

**প্রশ্ন : ডালিম গাছে কী?**
**উত্তর :** ডালিম গাছে মউ।

**প্রশ্ন : কে কথা বলে না?**
**উত্তর :** বউ কথা বলে না।

## ☐ ছবি দেখি ও নাম বলি



আতা ফল



টগর ফুল



দোয়েল পাখি

## ☐ নিজের জানা একটি ছড়া বলি

**উত্তর :**

### ছড়া

**মামার বাড়ি**

**জসীমউদ্‌দীন**

আয় ছেলেরা আয় মেয়েরা
ফুল তুলিতে যাই,
ফুলের মালা গলায় দিয়ে
মামার বাড়ি যাই।
ঝড়ের দিনে মামার দেশে,
আম কুড়াতে সুখ।
পাকা জামের মধুর রসে
রঙিন করি মুখ।

# পাঠ-৯ বাঘ ও রাখাল

## □ শুনি ও বলি



এক ছিল রাখাল।



সে মাঠে গরু চরাত।



বাঁশি বাজাত।



তবু তার সময় কাটত না।



সে একদিন মজা করল।



গাছের আড়ালে লুকাল।



তারপর বলল, বাঘ এসেছে,
বাঘ এসেছে।



গ্রামবাসীরা দৌড়ে এল।



তাদের বোকা বানিয়ে মজা পেল।



এ রকম সে অনেক দিন করল।



গ্রামবাসীরা খুব রাগ করল।



একদিন সত্যিই বাঘ এল।



রাখাল চিৎকার করল,
বাঘ বাঘ বাঘ।



এবার আর কেউ এল না।
বাঘ রাখালকে নিয়ে গেল।



রাখালকে আর খুঁজে পাওয়া গেল না।

☐ মূল্যায়ন প্রস্তুতির জন্য আরও কিছু শিখি

**প্রশ্ন : কে মাঠে গরু চরাত?**

**উত্তর :** রাখাল মাঠে গরু চরাত।

**প্রশ্ন : কে বাঁশি বাজাত?**

**উত্তর :** রাখাল বাঁশি বাজাত।

**প্রশ্ন : রাখাল কোথায় লুকাল?**

**উত্তর :** রাখাল গাছের আড়ালে লুকাল।

**প্রশ্ন : গ্রামবাসীরা দৌড়ে এল কেন?**

**উত্তর :** বাঘ এসেছে, বাঘ এসেছে– রাখালের এ কথা শুনে গ্রামবাসীরা দৌড়ে এল।

**প্রশ্ন : রাখাল কাদের বোকা বানিয়ে মজা পেল?**

**উত্তর :** রাখাল গ্রামবাসীদের বোকা বানিয়ে মজা পেল।

**প্রশ্ন : একদিন সত্যিই কী এল?**


**উত্তর :** একদিন সত্যিই বাঘ এল।

**প্রশ্ন : কাকে আর খুঁজে পাওয়া গেল না?**

**উত্তর :** রাখালকে আর খুঁজে পাওয়া গেল না।

## পাঠ-১০ বর্ণ শিখি : অ আ

☐ শুনি ও বলি



অরুণ ওই উঠেছে ভাই। অরুণ অ



আম খেয়েছি। আতা চাই। আম আ

☐ পড়ি

অ আ

☐ লিখি

অ অ আ আ

**উত্তর :** অ আ